# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো কোন অবস্থাতেই আখিরাতের কোন উপকরণের বিনিময়েই নশ্বর এই দুনিয়ার কোন জিনিস গ্রহণ করবে না

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ عَلَى الْمَرْءِ أَنْ لَا يَعْتَاضَ عَنْ أَسْبَابِ الْآخِرَةِ بِشَيْءٍ مِنْ حُطَامِ هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ الزَّائِلَةِ عِنْدَ حُدُوثِ حَالَةٍ بِهِ

---

আরবী

721 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ الرِّفَاعِيُّ حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ حَدَّثَنَا يُونُسُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى قَالَ: أتى النبي صلى الله عليه وسلم أَعْرَابِيًّا فَأَكْرَمَهُ فقال لَهُ: (ائْتِنَا) فَأَتَاهُ فقال لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (سَلْ حَاجَتَكَ) قَالَ: نَاقَةٌ نَرْكَبُهَا وأعنزٌ يَحْلِبُهَا أَهْلِي فقال رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَعَجَزْتُمْ أَنْ تَكُونُوا مِثْلَ عَجُوزِ بَنِي إِسْرَائِيلَ)؟ قَالُوا: يَا رَسُولَ اللَّهِ وَمَا عَجُوزُ بني إسرائيل؟ قَالَ: (إِنَّ مُوسَى عَلَيْهِ السَّلَامُ لَمَّا سَارَ بِبَنِي إِسْرَائِيلَ مِنْ مِصْرَ ضَلُّوا الطَّرِيقَ فقَالَ: مَا هَذَا؟ فقَالَ عُلَمَاؤُهُمْ: إِنَّ يُوسُفَ عَلَيْهِ السَّلَامُ لَمَّا حَضَرَهُ الْمَوْتُ أَخَذَ عَلَيْنَا مَوْثِقًا مِنَ اللَّهِ أَنْ لَا نَخْرُجَ مِنْ مِصْرَ حَتَّى نَنْقُلَ عِظَامَهُ مَعَنَا قَالَ: فَمَنْ يَعْلَمُ مَوْضِعَ قَبْرِهِ؟ قَالَ: عَجُوزٌ مِنْ بَنِي إِسْرَائِيلَ فَبَعَثَ إِلَيْهَا فَأَتَتْهُ فقَالَ: دُلِّينِي عَلَى قَبْرِ يُوسُفَ قَالَتْ: حَتَّى تُعْطِيَنِي حُكْمِي قَالَ: وَمَا حُكْمُكِ؟ قَالَتْ: أَكُونُ مَعَكَ فِي الْجَنَّةِ فَكَرِهَ أَنْ يُعْطِيَهَا ذَلِكَ فَأَوْحَى اللَّهُ إِلَيْهِ: أَنْ أَعْطِهَا حُكْمَهَا فَانْطَلَقَتْ بِهِمْ إِلَى بُحَيْرَةٍ مَوْضِعِ مُسْتَنْقَعِ مَاءٍ فَقَالَتْ: أَنْضِبُوا هَذَا الْمَاءَ فَأَنْضَبُوهُ فَقَالَتْ: احْتَفِرُوا فَاحْتَفَرُوا فَاسْتَخْرَجُوا عِظَامَ يُوسُفَ فَلَمَّا أَقَلُّوهَا إِلَى الْأَرْضِ وَإِذَا الطَّرِيقُ مِثْلُ ضَوْءِ النهار)

الراوي : أَبُو مُوسَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 721 | خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

৭২১. আবু মুসা আল আশ‘আরী রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একজন বেদুঈনের কাছে আসলে, বেদুঈন তাঁকে খুব সম্মান করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন, তুমি আমাদের কাছে আসিও। অতঃপর তিনি তাঁর কাছে আসলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন, “তুমি তোমার প্রয়োজনীয় জিনিস চাও।”
তখন সে বলে, “আমাকে একটি উষ্টী দিন, আমরা তার উপর আরোহন করবো আর কয়েকটি ছাগল দিন, আমার পরিবার সেসবের দুধ দোহন করবে।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা কী বানী ইসরাঈলের বৃদ্ধার মতোও হতে পারলে না?” সাহাবী বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, বানী ইসরাঈলের বৃদ্ধার কী বৃত্তান্ত?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “মুসা আলাইহিস সালাম যখন বানী ইসরাঈলদের নিয়ে মিসর থেকে রওয়ানা হন, তখন তারা পথ হারিয়ে ফেলেন। তখন মুসা আলাইহিস সালাম বলেন, “কী ব্যাপার (এমন কেন হচ্ছে)?” তখন বানী ইসরাঈলের উলামাগণ বললেন, “যখন ইউসুফ আলাইহিস সালাম মমূর্ষ উপনীত হন, তখন তিনি আল্লাহর পক্ষ থেকে আমাদের থেকে প্রতিজ্ঞা নেন যে, আমরা যেন মিসর ত্যাগ করার সময় তাঁর হাড় যেন সাথে নিয়ে যাই।” মুসা আলাইহিস সালাম বললেন, “তাঁর কবরের স্থানটি কে জানেন?”
তিনি বললেন, “ বানী ইসরাঈলের এক বৃদ্ধা নারী।” অতঃপর মুসা আলাইহিস সালাম বৃদ্ধার কাছে লোক পাঠালে তিনি তাঁর কাছে আসেন। তখন মুসা আলাইহিস সালাম বলেন, “আপনি আমাকে ইউসুফ আলাইহিস সালাম এর কবর স্থানের সন্ধান দিন।” জবাবে বৃদ্ধা বলেন, “(আমি কবরের সন্ধান দিব না) যতক্ষন না আপনি আমাকে আমার বিনিময় দিবেন!” তিনি বললেন, “আপনার বিনিময় কী?” বৃদ্ধা বলেন, “আমি আপনার সাথে জান্নাতে থাকব!” অতঃপর মুসা আলাইহিস সালাম তাকে এমনটা দিতে অপছন্দ করলেন। তখন আল্লাহ মুসা আলাইহিস সালাম এর প্রতি প্রত্যাদেশ করলেন, “আপনি তাকে তার বিনিময় দান করুন।” অতঃপর বৃদ্ধা তাঁদের নিয়ে হলুদ বর্ণের হ্রদের কাছে আসলেন এবং বললেন, “এই পানি আপনারা সেচ দিয়ে শুকিয়ে ফেলুন।” অতঃপর তাঁরা সেই সেচ দিয়ে পানি নিঃশেষ করে ফেললো। আবার বললেন, “আপনারা এখানে খনন করুন।” অতঃপর তাঁরা খনন করলেন এবং সেখান থেকে ইউসুফ আলাইহিস সালাম এর দেহ বের করলেন। অতঃপর যখন তাঁরা সেটা নিয়ে (সমতল) জমিতে আসলেন, তখন তাঁরা দিনের আলোর ন্যায় রাস্তা পেয়ে গেলেন!”[1]

ফুটনোট

[1] হাকিম, আল মুসতাদরাক; ২/৪০৪;৪০৫; জালালুদ্দিন সুয়ূতী, আদ দুর্রুল মানসূর: ৫/৮৭-৮৮।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে গ্রহনযোগ্য বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ৩১৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ‘আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89223

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন